আজকের কাগজ

তারিখ 29 NOV 1992
পৃঃ ৬ কলাম ৩

20

## কমনওয়েলথ বৃত্তি

# প্রার্থী নির্বাচনে অনিয়মের অভিযোগ

হাবিবুল হুদা : কমনওয়েলথ বৃত্তি দেয়ার ক্ষেত্রে বড় ধরনের অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষে কমনওয়েলথ বৃত্তির অধীনে যুক্তরাজ্য, কানাডা এবং হংকং-এ বিভিন্ন বিষয়ে স্নাতকোত্তর পর্যায়ে পড়াশোনার জন্যে বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে যে দরখাস্ত আহবান করা হয়েছিলো তাতে শর্ত ছিলো বিজ্ঞাপিত চাহিদানুযায়ী যাদের পরীক্ষার ফল এখনো প্রকাশিত হয়নি তাদের আবেদন গ্রহণ করা হবে না। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণ রসায়ন বিভাগের মোঃ এনামুল হক পরীক্ষার ফল প্রকাশের আগেই আবেদন করে এবং সে কমনওয়েলথ বৃত্তির জন্যে নির্বাচনী কমিটি কর্তৃক নির্বাচিত হয়েছে। সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে, মোঃ এনামুল হক নির্বাচনী কমিটিতে থাকা জনৈক কর্তাব্যক্তির প্রত্যক্ষ আশির্বাদে এই বৃত্তির জন্যে প্রাণ রসায়ন বিভাগ থেকে নির্বাচিত

সংশ্লিষ্ট সূত্রটি আরো জানিয়েছে, যদিও অনেক যোগ্যপ্রার্থী এই বৃত্তির জন্যে আবেদন করেছিলো তবুও অদৃশ্য কারণে নির্বাচনী কমিটিতে থাকা কর্তাব্যক্তিদের ইচ্ছায় তাদেরকে নির্বাচিত না করে উক্ত এনামুল হককে নির্বাচন করা হয়েছে। এ ব্যাপারে বিজ্ঞপ্তির শর্তানুযায়ী কেউ মিথ্যে বা ভুল তথ্য প্রদান করলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার কথা থাকলেও এটি ধরা পড়ার পরও এ ব্যাপারে কোনো পদক্ষেপ কর্তৃপক্ষ নেননি। ফলে এ নিয়ে সংশ্লিষ্ট মহলে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়েছে। বিষয়টি তলিয়ে দেখলে বৃত্তি প্রদানের ক্ষেত্রে আরো অনিয়ম পাওয়া যাবে বলে ধারণা করা হচ্ছে।